



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মূখপাত্র (২য় খন্ড)/২০১১/১৫

তারিখঃ ০৫/০১/২০১৬ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫৬৩ তম কমিশন সভা অদ্য ০৫/০১/২০১৬ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন Energypac Power Generation Limited এর প্রতিটি ২৫.০০ টাকা (১৫ টাকা প্রিমিয়াম সহ) মূল্যের ১,৬৭,৩০,২০০ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৪১,৮২,৫৫,০০০ টাকা পুঁজি উত্তোলন করে ব্যাংক ঋণ পরিশোধ, চলতি মূলধন (Investment in Inventory of Trading Business) এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির বিগত ৫ বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) টাঃ ২.৯১ (weighted average) এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ৩১.১৩ (Year ended as on June 30, 2015) টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে IDLC Investments Limited।
২. সভায় Financial Literacy সংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত রিপোর্ট কমিশন কর্তৃক গৃহীত হয়। এছাড়াও রিপোর্টে প্রস্তাবকৃত Nationwide Financial Literacy Program সংক্রান্ত ষ্টিয়ারিং কমিটি এবং Technical Committee গঠনের বিষয়ে নীতিগত সিদ্ধান্ত হয়েছে। উল্লেখ্য, বিএসইসি'র চেয়ারম্যান ষ্টিয়ারিং কমিটির প্রধান থাকবেন।
৩. সভায় বে-মেয়াদী VIPB Accelerated Income Unit Fund এর খসড়া প্রসপেক্টাস এর অনুমোদন প্রদান করা হয়েছে। মিউচুয়াল ফান্ডটির লক্ষ্যমাত্রা হচ্ছে ২০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ২ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ১৮ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক VIPB Asset Management Company Limited এবং ট্রাস্টি ও কাস্টডিয়ান Investment Corporation of Bangladesh (ICB).
৪. NCCB Securities and Financial Services Limited (DSE TREC No. 61) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :

ক) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) পৃথকভাবে না রাখায় Securities and Exchange Rules, 1987 এর Section 8A (1) এবং (2) লংঘন;



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন


জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

- খ) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এর তহবিলের ঘাটতি থাকার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর সেকশন ১১ এবং দ্বিতীয় তফসিলের আচরণবিধি ১ ও ৬ লংঘন; এবং
- গ) নন মার্জিনেবল “Z” ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় NCCB Securities and Financial Services Limited -কে সভায় ১৫ (পনের) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

এছাড়াও NCCB Securities and Financial Services Limited -কে আগামী ৩১ জানুয়ারী ২০১৬ তারিখের মধ্যে সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) হালনাগদ করে কমিশনে প্রতিবেদন দাখিল করতে হবে মর্মে সিদ্ধান্ত হয়েছে।

৫. জুন ৩০, ২০১৪ সালের নিরীক্ষিত আর্থিক বিবরণীতে কোন প্রকার মুনাফা অর্জন না করে এবং ঋনাত্মক মুনাফা থাকা সত্ত্বেও CVO Petrochemical Refinery Limited (Issuer) উক্ত বছর সাধারণ শেয়ার হোল্ডারদের ৫% নগদ লভ্যাংশ প্রদান করেছে এবং যা মূলত: কোম্পানীর মূলধন থেকে প্রদান করা হয়েছে। কোম্পানীর এ ধরনের কর্মকান্ড বিনিয়োগকারীদেরকে ভ্রান্ত তথ্য প্রদান করেছে যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 এর লংঘন। উক্ত সিকিউরিটিজ আইন লংঘনের কারণে কমিশন, CVO Petrochemical Refinery Limited এর প্রত্যেক পরিচালককে ৫ লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


05/02/2015

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপাত্র।